**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 3/11/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# লং আইল্যান্ড পাবলিক ওয়ার্ক প্রকল্পসমূহের জন্য প্রকল্প শ্রমিক চুক্তি সম্পন্ন হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

***নাসাউ ও সাফোক কাউন্টিতে নির্মাণকাজের প্রকল্পগুলো উন্নত করতে সাহায্য করার জন্য DASNY চুক্তি প্রণয়ন করবে***

***জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনের লক্ষ্যসমূহ অর্জনে সাহায্য করার জন্য গ্রিন কলার কর্মসংস্থান যোগ করছে***

***ইউনিয়নের শিক্ষানবিশ কর্মসূচির মাধ্যমে পরিবারের জন্য স্থিতিশীল নির্মাণকাজের ক্যারিয়ার তৈরির পাইপলাইন গঠিত হবে***

***ক্লাইমেট অ্যাকশন কাউন্সিলের জন্য গভর্নর শ্রমিক প্রতিনিধি নিযুক্ত করবেন***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটের ডরমিটরি অথোরিটি (Dormitory Authority of the State of New York) লং আইল্যান্ডের নির্মাণ শ্রমিকদের ইউনিয়নের সাথে একটি প্রকল্প শ্রমিক চুক্তি প্রণয়ন করবে যা লং আইল্যান্ডে DASNY-এর পরিচালনাধীন বৃহৎ-পরিসরের সকল প্রকল্পে ব্যবহৃত হবে। এছাড়াও গভর্নর স্টেটব্যাপী ক্লাইমেট অ্যাকশন কাউন্সিলে (Climate Action Council) সঙ্ঘবদ্ধ শ্রম খাতের একজন প্রতিনিধি নিযুক্ত করার ব্যাপারে প্রতিশ্রুতি দিয়েছেন, যিনি জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইন বাস্তবায়নের দায়িত্ব পালন করবেন।

"নিউ ইয়র্ক স্মরণকালের সর্ববৃহৎ অর্থনৈতিক পুনরুদ্ধারের পথে এগিয়ে চলেছে এবং লং আইল্যান্ডবাসী এই পুনরুদ্ধারের ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন," **বলেছেন গভর্নর হোকল**। "লং আইল্যান্ডের নির্মাণ শ্রমিকদের ইউনিয়নের সাথে এই অংশীদারিত্ব আমাদের বৃহৎ প্রকল্পগুলো যাতে শুধু লং আইল্যান্ডবাসীদের জন্য সুফল বয়ে আনের মধ্যেই সীমাবদ্ধ না থেকে আমাদের কর্মীদের জন্য ভালো বেতনের কর্মসংস্থান ও সুযোগ সৃষ্টি করে তা নিশ্চিত করার একটি অতি গুরুত্বপূর্ণ উপায়। নিউ ইয়র্ক শ্রমজীবী মানুষদের দ্বারা নির্মিত হয়েছে, এবং সঙ্ঘবদ্ধ শ্রম খাতের মহিলা ও পুরুষদের পাশে দাঁড়াতে পেরে আমরা সবসময়ই গর্বিত।"

প্রকল্প শ্রমিক চুক্তি (Project Labor Agreements, PLA) হলো এক বা একাধিক শ্রমিক সংস্থার সাথে নিয়োগ-পূর্ব সামষ্টিক সমঝোতা চুক্তি যেখানে সাধারণত নির্দিষ্ট কোনো নির্মাণ প্রকল্পের কাজে নিয়োগ প্রদানের শর্তাবলী নির্ধারণ করে নেওয়া হয়। প্রণয়ন হতে যাওয়া এই PLA-তে সম্মত হওয়া একটি নির্দিষ্ট ডলার সীমার চেয়ে বেশি ব্যয়ের DASNY-এর পরিচালনাধীন সকল প্রকল্পের জন্য শর্তাবলী নির্ধারণ করা হবে।

DASNY-এর স্টেটব্যাপী অসংখ্য বৃহৎ, জটিল প্রকল্পে উচ্চ মানসম্মতভাবে, যথাসময়ে ও বাজেটের মধ্যে কাজ সম্পন্ন করার জন্য সফলভাবে PLA ব্যবহারের দীর্ঘ ইতিহাস রয়েছে। সেইসাথে, DASNY প্রমাণিত ইউনিয়ন শিক্ষানবিশ কর্মসূচিসমূহের মাধ্যমে অধিবাসীদের জন্য নির্মাণ খাতে পরিবারের জন্য স্থিতিশীল ক্যারিয়ার গঠনের পাইপলাইন উন্নয়ন করতে শ্রম বিভাগের সাথে কাজ করবে।

**নিউ ইয়র্ক স্টেটের ডরমিটরি অথোরিটির প্রেসিডেন্ট ও CEO রিউবেন আর ম্যাকড্যানিয়েল III বলেন**, "DASNY-এর অভিজ্ঞতা থেকে দেখা গেছে, প্রকল্প শ্রমিক চুক্তি বৃহৎ নির্মাণ প্রকল্পগুলোর জন্য কাঠামো ও স্থিতিশীলতা প্রদান করে যা শ্রমিকদের সুরক্ষিত রাখে এবং করদাতাদের ব্যয়বৃদ্ধিকারী বিলম্ব হওয়া কমিয়ে আনে। আমরা লং আইল্যান্ডে PLA প্রণয়ন করার এবং নাসাউ ও সাফোক কাউন্টির শ্রমিকদেরকে উপকৃত করবে এমন একটি গুরুত্বপূর্ণ উদ্যোগ নিয়ে শ্রম বিভাগের সাথে কাজ করার প্রত্যাশা রাখি।"

**নিউ ইয়র্ক স্টেটের বিল্ডিং এন্ড কনস্ট্রাকশন ট্রেডস কাউন্সিলের (Building and Construction Trades Council) প্রেসিডেন্ট গ্যারি লা বারবারা বলেন,** "লং আইল্যান্ডে নিউ ইয়র্ক স্টেটের ডরমিটরি অথোরিটির সাথে সম্পাদিত একটি কাউন্টিব্যাপী প্রকল্প শ্রমিক চুক্তি প্রতি বছর কয়েকশ মিলিয়ন ডলারের প্রকল্প তৈরি করবে এবং আমাদের কঠোর পরিশ্রমী দক্ষ কর্ম ও মহিলা কর্মীদের জন্য পরিবারের ভরণ-পোষণকারী হাজার হাজার অর্থপূর্ণ ক্যারিয়ার তৈরি করবে। কমিউনিটি, মধ্যবিত্ত শ্রেণি, ও নিউ ইয়র্ক স্টেটের জন্য শক্তিশালী সুযোগ-সুবিধা গড়ে তুলবে এমন প্রকল্পগুলোকে এগিয়ে নেওয়ার জন্য তার অসাধারণ নেতৃত্ব ও অঙ্গীকারবদ্ধতার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করি।"

**নাসাউ এন্ড সাফোক বিল্ডিং এন্ড কনস্ট্রাকশন ট্রেডস কাউন্সিলের (Nassau and Suffolk Building and Construction Trades Council) প্রেসিডেন্ট ম্যাথিউ আরাচিক বলেন,** "শ্রম বিভাগের পক্ষে সবসময় জোরালো সমর্থন প্রদানের জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই। লং আইল্যান্ডের জন্য DASNY-এর এই PLA সামনের সময়গুলোতে সকল বৃহৎ প্রকল্পগুলোর জন্য ইউনিয়ন, বিল্ডিং ট্রেড, ও স্থানীয় শ্রমিকদের ব্যবহার করার বিষয়টি বাধ্যতামূলক হওয়া নিশ্চিত করবে। আমাদের শিল্পের জন্য এটি একটি বৃহৎ মাইলফলক এবং এই PLA আমাদের 65,000 সদস্যের জন্য শুধু কর্মসংস্থানেরই ব্যবস্থা করবে না, বরং এটি আমাদেরকে অশ্বেতাঙ্গ পুরুষ ও মহিলাদের জন্য সুযোগ-সুবিধা সম্প্রসারণ করার, বৈচিত্র্য সম্প্রসারণ করার, এবং যোগ্য ব্যক্তিদের জন্য মধ্যম শ্রেণির কর্মসংস্থান তৈরি করার সক্ষমতা প্রদান করবে।"

**লং আইল্যান্ডের শ্রমিক ফেডারেশন, AFL-CIO-এর প্রেসিডেন্ট জন আর. ডার্সো বলেন,** "পাবলিক ওয়ার্ক সম্পর্কিত প্রকল্প শ্রমিক চুক্তি সম্পন্ন হওয়া একটি ভালো সরকারি নীতি। গভর্নর হোকল আমাদের অর্থনীতিকে শক্তিশালী করবেন এবং তার কলমের শক্তি কাজে লাগিয়ে লং আইল্যান্ডের শ্রমিকদের জন্য সুরক্ষার ব্যবস্থা করবেন। প্রকল্প শ্রমিক চুক্তি করদাতাদের অর্থ সুরক্ষিত রাখা এবং শ্রমিকদের বেতনের নিম্নমুখী চাপ উঠিয়ে নেওয়ার মাধ্যমে বিস্তৃত সামাজিক ও অর্থনৈতিক সুফল বয়ে আনবে। চূড়ান্ত হওয়া একটি চুক্তির মাধ্যমে DASNY শ্রমিক খরচ অনুমান ও নিয়ন্ত্রণ করার নিশ্চয়তা ও সক্ষমতা লাভ করবে, যা বিশেষ করে এই অস্থিতিশীল অর্থনৈতিক সময়ে অসাধারণ উপকারে আসবে।"

DASNY প্রতি বছর কয়েকশ মিলিয়ন ডলারের নির্মাণ প্রকল্প সম্পন্ন করে থাকে এবং নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য, শিক্ষা ও মানবিক সেবার চাহিদাগুলো পূরণকারী দীর্ঘস্থায়ী অবকাঠামোগত প্রকল্পগুলো নির্মাণের ক্ষেত্রে অতি গুরুত্বপূর্ণ অংশীদার হিসেবে ভূমিকা পালন করে থাকে। এসব প্রকল্প কর্মসংস্থান তৈরিতে সাহায্য করে, নিউ ইয়র্কের অর্থনীতিতে সহায়তা করে, স্টেট সংস্থাগুলোকে সমর্থন প্রদান করে, এবং নিউ ইয়র্কের কমিউনিটিগুলোকে শক্তিশালী করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418